

১৪ জুলাই ১৯৮৭

048

গত দুইদিন ঢাকা
ভাসিটিতে কতিপয়
পরীক্ষা হয়েছে :
শিক্ষামন্ত্রী
(স্টাফ রিপোর্টার)
শিক্ষামন্ত্রী জনাব মহাবরে
রহমান গতকাল জাতীয় সংসদকে
আনন্দ যে, ২৭শে জুন এবং ২৮শে
জুন উভয়দিনই ঢাকা বিশ্ববিদ্যা
লয়ে কতিপয় বিষয়ে পরীক্ষা
অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রী বলেন,
ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস
চ্যান্সেলর ডঃ

শিক্ষামন্ত্রী
(প্রথম পৃঃ পর)
চ্যান্সেলর তাকে লিখিতভাবে
একথা জানিয়েছেন। তিনি জানান,
গত শনিবার মাস্টার্স ডিগ্রী
(স্নাতক) বাণিজ্য আইন ও
অন্যান্য কতিপয় বিষয়ে পরীক্ষা
অনুষ্ঠিত হয়েছে। ২৮শে জুনও
গণসংস্কার বিজ্ঞান ও প্রাণসম্মান
বিভাগের মৌখিক পরীক্ষা অনু-
ষ্ঠিত হয়।
গতকাল সকালের বৈঠকে
বিরোধীদের নেতা শেখ হাসিনা
সংবাদপত্রের রিপোর্টের উল্লেখ
দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরি-
স্থিতি সম্পর্কে মন্ত্রীর বিরোধে
অসত্য ভাষণের অভিযোগ উত্থা-
পন করেন। তিনি বলেন, মন্ত্রী
২৭শে জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ে
পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে বলে
সংসদকে জানিয়েছেন। কিন্তু
বিভিন্ন পত্রিকায় রিপোর্টে বলা
হয় যে কোন পরীক্ষা হয়নি। এই
অসত্য ভাষণে সংসদের মর্যাদা
ক্ষয় করা হয়েছে বলে তিনি
মন্তব্য করেন। শিক্ষামন্ত্রী এসময়
হাজিরা উপস্থিত ছিলেন না।
বিকেলের বৈঠকে শিক্ষামন্ত্রী
জানান যে তিনি পত্রিকায় কিসে
বিশ্ববিদ্যালয় পরিস্থিতি সম্পর্কে
যে বিবৃতি দিয়েছেন তা ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের
বক্তব্য। ভাইস চ্যান্সেলর লিখিত
এবং মৌখিকভাবে যে তথ্য জানি-
য়েছেন সংসদে তিনি তা পেশ
করেছেন। কাজেই অসত্য ভাষণের
কোন প্রশ্নই ওঠে না।
মন্ত্রীর বিরতির পর মন্ত্রী
সুলতান রাজা বলেন যে তার
ছোট ভাই একজন পরীক্ষার্থী
তাকে জানিয়েছে যে কোন পরীক্ষা
অনুষ্ঠিত হয়নি।